



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd



বিজ্ঞপ্তি নং-৩৭.০৬.০০০০.৩০১.৯৯.১৪৮.১৯/২৬৫

তারিখ : ২২/০৯/২০২২

পুনঃবিজ্ঞপ্তি

একাদশ-দ্বাদশ শ্রেণির বিভিন্ন বিষয়ের ইংরেজি ভাষনের পাঠ্যপুস্তকের পাণ্ডুলিপি মূল্যায়নের
জন্য মূল্যায়নকারী তালিকাভুক্তিকরণ

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রকাশের জন্য পরিমার্জিত শিক্ষাক্রম ২০১২ অনুযায়ী একাদশ-দ্বাদশ শ্রেণির বিভিন্ন বিষয়ের ২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে বাংলা মাধ্যমে অনুমোদিত/পুনঃঅনুমোদিত পাঠ্যপুস্তকসমূহের ইংরেজি ভাষনের পাঠ্যপুস্তকের পাণ্ডুলিপি মূল্যায়ন করার জন্য কলেজ/বিশ্ববিদ্যালয়ের সম্মানিত ইংরেজি বিষয়ের শিক্ষকগণের নিকট থেকে প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ চেয়ারম্যান, এনসিটিবি বরাবর আবেদনপত্র পুনরায় আহ্বান করা হচ্ছে। আগামী ০৪/১০/২০২২ তারিখের মধ্যে ১. নাম, ২. পদবি, ৩. কর্মরত প্রতিষ্ঠানের নাম, ৪. বর্তমান যোগাযোগের ঠিকানা (টেলিফোন/মোবাইল/ইমেইল নম্বরসহ), ৫. স্থায়ী ঠিকানা, ৬. অধ্যাপনার অভিজ্ঞতা, ৭. নিজস্ব লিখিত বই/পাঠ্যপুস্তক/দেশি ও বিদেশি জার্নালে যদি লিখে থাকেন তবে বই-এর নাম এবং প্রকাশনা সংস্থার নাম, ৮. এনসিটিবিতে বিভিন্ন বিষয়ে কাজ করার অভিজ্ঞতা (যদি থাকে বিষয় ও তারিখ উল্লেখসহ প্রমাণপত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে) উল্লেখসহ জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলি:

- সরকারি/বেসরকারি কলেজ/বিশ্ববিদ্যালয়ের ন্যূনতম ০৭ বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।
- ইতোপূর্বে এনসিটিবি'র একাদশ-দ্বাদশ শ্রেণির পাণ্ডুলিপি মূল্যায়নের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- প্রাপ্ত আবেদনপত্রসমূহ এনসিটিবি'র নির্ধারিত নীতিমালা অনুযায়ী যাচাই-বাছাই করে মূল্যায়নকারী নির্বাচন করা হবে।

২২/০৯/২০২২

(মোসাঃ নাজমা আখতার)

সচিব

ফোন : ০২-২২৩৩৮৫৬৪৪

৫৫